# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০
www.pkb.gov.bd

ঋণ ও অগ্রিম বিভাগ

নং ৫৩.১৬.২৬৬৬.৯১১.০০০.৩৬.০০০১.২৬-৩৯৮ তারিখ: ২৫.০৩.২০২৬ খ্রি.

**বিষয়: বৈদেশিক কর্মসংস্থান এর উদ্দেশ্যে বিশেষ দক্ষতা অর্জনের জন্য ঋণ নীতিমালা জারি প্রসঙ্গে।**

পরিচালনা পর্ষদের ০৮.০৩.২০২৬ তারিখের ১৪১তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রবাসী কল্যাণ ব্যাংকের বৈদেশিক কর্মসংস্থান এর উদ্দেশ্যে বিশেষ দক্ষতা অর্জনের জন্য ঋণ নীতিমালা শীর্ষক পরিপত্র নং: ০২/২০২৬; তারিখ: ২৫.০৩.২০২৬ খ্রি. সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

২.০ উক্ত নীতিমালা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে কোনোরূপ স্পষ্টীকরণ প্রয়োজন হলে ঋণ ও অগ্রীম বিভাগ এর সাথে যোগাযোগের নির্দেশনা প্রদান করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০৪) পাতা।

25/03/2026

মোহাম্মদ মাহফুজুর রহমান
উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
ঋণ ও অগ্রিম বিভাগ

শাখা প্রধান/ব্যবস্থাপক এবং অঞ্চল প্রধান (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

১. বিভাগীয় প্রধান (সকল), প্রিন্সিপাল (প্রবাসী কল্যাণ ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট) ও সহকারী মহাব্যবস্থাপক (সকল), প্রধান কার্যালয়;
২. বিভাগীয় প্রধান, আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ), প্রধান কার্যালয়;
৩. পর্ষদ সচিব, পর্ষদ সচিবালয়, প্রধান কার্যালয়;
৪. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রধান কার্যালয়;
৫. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রধান কার্যালয়;
৬. মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব (সকল), প্রধান কার্যালয়;
৭. অফিস কপি।

# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০
www.pkb.gov.bd

পরিপত্র নং: ০২/২০২৬ তারিখ: ২৫.৩.২০২৬ খ্রি.

## বৈদেশিক কর্মসংস্থান এর উদ্দেশ্যে বিশেষ দক্ষতা অর্জনের জন্য ঋণ নীতিমালা

বাংলাদেশের অনেক শিক্ষার্থী বৈদেশিক কর্মসংস্থানের উদ্দেশ্যে দক্ষতা অর্জনের জন্য কোরিয়া, জাপান, চীন, জার্মান ও অন্যান্য দেশে ভাষাশিক্ষাসহ স্বল্প মেয়াদী বিভিন্ন কোর্সে অধ্যয়ন করে থাকেন এবং অধ্যয়ন শেষে তাদের বিশেষ দক্ষতা অর্জিত হয়। ফলশ্রুতিতে, তারা ঐ দেশে Specified Skilled Worker (SSW) ক্যাটাগরিসহ অন্যান্য প্রযোজ্য ক্যাটাগরিতে কাঙ্ক্ষিত বেতনে কর্মসংস্থানের সুযোগ পান। উন্নত শিক্ষা, প্রযুক্তিনির্ভর পরিবেশ এবং দক্ষতা উন্নয়নের সুযোগ থাকায় এই সুযোগ শিক্ষার্থীদের জন্য অত্যন্ত আকর্ষণীয়। বাংলাদেশের অনেক শিক্ষার্থী আর্থিক কারণে এ সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন।

এ প্রেক্ষিতে, পরিচালনা পর্ষদের ০৮.০৩.২০২৬ তারিখের ১৪১তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রবাসী কল্যাণ ব্যাংকের পক্ষ থেকে বৈদেশিক কর্মসংস্থানের উদ্দেশ্যে দক্ষতা অর্জনের জন্য উল্লিখিত দেশসমূহে ভাষাশিক্ষাসহ স্বল্প মেয়াদী বিভিন্ন কোর্সে পড়তে আগ্রহী শিক্ষার্থীদের জন্য নিম্নোক্ত শর্তাবলীসহ **"বৈদেশিক কর্মসংস্থান এর উদ্দেশ্যে বিশেষ দক্ষতা অর্জনের জন্য ঋণ নীতিমালা"** প্রণয়ন করা হলো, যা শিক্ষার্থীদের জন্য অত্যন্ত সহায়ক হবে।

২.০ ঋণ পাওয়ার যোগ্যতা:

২.১ **বাংলাদেশের নাগরিক হতে হবে;**

২.২ শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে;

২.৩ যে দেশে গমন করতে ইচ্ছুক সেই দেশের শিক্ষা প্রতিষ্ঠান হতে ইস্যুকৃত অফার লেটার থাকতে হবে। জাপানের ক্ষেত্রে Ministry of Justice, Japanese Government ইস্যুকৃত Certificate of Eligibility (CoE) অফার লেটার হিসেবে বিবেচনা করা যাবে;

২.৪ গন্তব্য দেশে গ্রহণযোগ্য ন্যূনতম মধ্যম পর্যায়ের ভাষা শিক্ষার সনদ (যেমনঃ জাপানের জন্য N5, দক্ষিণ কোরিয়ার জন্য TOPIK level 3 ইত্যাদি) আবশ্যিকভাবে থাকতে হবে;

২.৫ বয়স ৪০ বছরের মধ্যে হতে হবে;

২.৬ এই ঋণটি স্বল্প মেয়াদী (সর্বোচ্চ ০২ বছর) কোর্সের জন্য প্রযোজ্য হবে;

২.৭ কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/এনজিও অথবা বেসরকারী প্রতিষ্ঠান হতে ঋণ খেলাপী ব্যক্তি অত্র ব্যাংক হতে ঋণ পাওয়ার যোগ্য বিবেচিত হবেন না। ঋণগ্রহীতা ও জামিনদারের CIB রিপোর্ট যাচাই করতে হবে।

৩.০ ঋণের আবেদন ফরম:

৩.১ বিনামূল্যে সরবরাহকৃত অত্র ব্যাংকের নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে।

৪.০ ঋণ আবেদনের দাখিলতব্য ডকুমেন্টসমূহ:

৪.১ ঋণ আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র (NID) এর ফটোকপি এবং স্থায়ী ঠিকানার সমর্থনে যে কোন একটি ডকুমেন্ট;

৪.২ ঋণ আবেদনকারীর নামে ইস্যুকৃত গন্তব্য দেশে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের অফার লেটার, পাসপোর্ট ও সর্বশেষ একাডেমিক সার্টিফিকেট এর ফটোকপি; তবে ঋণ আবেদনকারীর নামে ইস্যুকৃত Certificate of Eligibility-(CoE) (Certificate of Eligibility-CoE কে জাপানে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের অফার লেটার হিসেবে বিবেচনা করা যাবে);

৪.৩ বৈধ পাসপোর্ট, ভিসা বা প্রাসঙ্গিক অভিবাসন সংক্রান্ত নথিপত্র (যদি থাকে);

৪.৪ গন্তব্য দেশে অধ্যয়নের ক্ষেত্রে গ্রহণযোগ্য ন্যূনতম মধ্যম পর্যায়ের ভাষা শিক্ষার সত্যায়িত সনদ (যেমন: জাপানের জন্য N5, দক্ষিণ কোরিয়ার জন্য TOPIK level 3 ইত্যাদি);

৪.৫ জামিনদারের (প্রযোজ্য ক্ষেত্রে) সদ্য তোলা ০১ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র (NID) এর ফটোকপি এবং স্থায়ী ঠিকানার সমর্থনে যে কোন একটি ডকুমেন্ট;

৪.৬ ঋণগ্রহীতার স্বাক্ষরিত ০৩টি চেকের পাতা (MICR Cheque) এবং তার সচল ব্যাংক হিসাব বিবরণী;

৪.৭ জামিনদারের সচল ব্যাংক হিসাব বিবরণী এবং স্বাক্ষরিত ন্যূনতম ০১টি চেকের পাতা (MICR Cheque);

৪.৮ আবেদনকারীর গন্তব্য দেশ জাপানের অবস্থানস্থলের ঠিকানা, টেলিফোন নম্বর/ই-মেইল ইত্যাদি এবং অন্যান্য নথিপত্র (যদি প্রয়োজন হয়)।

৫.০ ঋণের জামিনদারের যোগ্যতা:

৫.১ ঋণ পরিশোধে সক্ষম যে কেউ (ঋণ আবেদনকারীর পিতা/মাতা/ভাই/বোন/স্বামী/স্ত্রী/নিকটতম আত্মীয়-স্বজন অথবা কোন সচ্ছল ব্যক্তি) জামিনদার হতে পারবেন। তবে জামিনদারের স্বচ্ছ CIB রিপোর্ট থাকতে হবে।

৬.০ ঋণসীমা:

৬.১ সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা (টিউশন ফি ও থাকা-খাওয়ার ব্যয়)।

৭.০ সুদের হার:

৭.১ বার্ষিক সরল সুদ ১১%। কোন ঋণ গ্রহীতার ঋণ/কিস্তি মেয়াদোত্তীর্ণ হলে সেক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ ঋণ/কিস্তি'র উপর অতিরিক্ত ১.৫% হারে সুদ চার্জ হবে। সুদের হার সময়ে সময়ে পরিবর্তনশীল।

৮.০ ঋণের মেয়াদকাল ও পরিশোধসূচী:

৮.১ ০৬ (ছয়) মাস মরেটরিয়াম (গ্রেস) পিরিয়ডসহ সর্বোচ্চ ০৩ (তিন) বছর। ঋণটি মাসিক সমকিস্তি ভিত্তিতে পরিশোধিত হবে।

৯.০ ঋণের জামানত:

৯.১ ঋণের সর্বোচ্চ সীমা ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন থাকবে। ঋণের বিপরীতে ঋণগ্রহীতার সচল ব্যাংক হিসাবের ০৩ টি MICR চেকের পাতা এবং একজন জামিনদারের ব্যক্তিগত গ্যারান্টি ও তার সচল ব্যাংক হিসাবের নূন্যতম ০১ টি MICR চেকের পাতা গ্রহণ করতে হবে।

১০. সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন (কপি সংযুক্ত) দাখিল:

১০.১ ঋণসীমা মঞ্জুরীর ক্ষমতা শাখা ব্যবস্থাপক/প্রধান হলে ঋণ আবেদনকারী ও জামিনদারের প্রয়োজনীয় ডকুমেন্টস যাচাই করে শাখা ব্যবস্থাপক/প্রধান ও শাখার ২য় কর্মকর্তা মূল্যায়ন প্রতিবেদনে স্বাক্ষর করবেন;

১০.২ ঋণসীমা মঞ্জুরীর ক্ষমতা অঞ্চল প্রধান হলে ঋণ আবেদনকারী ও জামিনদারের প্রয়োজনীয় ডকুমেন্টস যাচাই করে অঞ্চল প্রধান ও শাখা ব্যবস্থাপক/প্রধান মূল্যায়ন প্রতিবেদনে স্বাক্ষর করবেন;

১০.৩ ঋণসীমা মঞ্জুরীর ক্ষমতা অঞ্চল প্রধানের তদুর্ধ্ব হলে ঋণ আবেদনকারী ও জামিনদারের প্রয়োজনীয় ডকুমেন্টস যাচাই করে মূল্যায়ন প্রতিবেদনে অঞ্চল প্রধান ও শাখা ব্যবস্থাপক/প্রধান স্বাক্ষর করবেন এবং সুপারিশসহ প্রতিবেদনটি প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগে প্রেরণ করবেন (ক্রম নং ১৪.১ তে বর্ণিত ঋণ মঞ্জুরীর ব্যবসায়িক/আর্থিক ক্ষমতা অনুযায়ী)।

১১.০ ঋণের চার্জ ডকুমেন্ট ও অন্যান্য দাখিলতব্য দলিলাদি:

১১.১ ডিপি নোট (প্রযোজ্য মূল্যমানের স্ট্যাম্পসহ);

১১.২ ডিপি নোট ডেলিভারি লেটার;

১১.৩ জামিনদারের লেটার অব গ্যারান্টি (প্রযোজ্য মূল্যমানের স্ট্যাম্পসহ);

১১.৪ লেটার অব ডিসবার্সমেন্ট;

১১.৫ চেক জমাকরণের স্মারকলিপি/মেমোরেন্ডাম অব চেক;

১১.৬ অন্যান্য গুরুত্বপূর্ণ কাগজপত্র/দলিলপত্রাদি:

১১.৬.১ ঋণ গ্রহীতার ঋণ পরিশোধের অঙ্গীকারনামা(৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প);

১১.৬.২ ঋণগ্রহীতার ঋণ প্রাপ্তি স্বীকারপত্র;

১১.৬.৩ বৈধ চ্যানেলে রেমিটেন্স প্রেরণের অঙ্গীকারনামা;

১১.৬.৪ ঋণগ্রহীতার অনুকূলে ইস্যুকৃত 'Sanction Advice (ঋণ উপদেশ)' এর স্বাক্ষরিত প্রতিলিপি;

১১.৬.৫ রেমিট্যান্স প্রেরণের জন্য ঋণ হিসাব ডেবিট করার জন্য Debit Authorization Form.

১২.০ ফি পরিশোধ সংক্রান্তঃ

১২.১ ঋণগ্রহীতাকে ঋণ গ্রহণের সময় অনুমোদিত ঋণ সীমার ০.৫০% প্রসেসিং ফি , ০.৫০% ডকুমেন্টেশন ফি এবং প্রত্যেক ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী ভ্যাট প্রদান করতে হবে।

১২.২ বহিঃ ব্যাংক কর্তৃক রেমিটেন্সের উপর সুইফট চার্জ, কমিশন ও স্টুডেন্ট ফাইল ওপেনিং চার্জ ৩,০০০/- (তিন হাজার টাকা) এবং প্রত্যেক ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী ভ্যাট প্রদান করতে হবে (পরিবর্তনশীল)।

১২.৩ ঋণগ্রহীতাকে বৈদেশিক ব্যাংক কর্তৃক রেমিটেন্সের উপর কর্তনকৃত প্রকৃত খরচ বহন করতে হবে।

১৩.০ সঞ্চয়ী হিসাব:

১৩.১ ঋণগ্রহীতাকে আবশ্যিকভাবে অত্র ব্যাংকের নির্ধারিত শাখায় সঞ্চয়ী হিসাব খুলতে হবে।

১৪.০ ঋণ মঞ্জুরীর ব্যবসায়িক/আর্থিক ক্ষমতা:

১৪.১

| ঋণসীমা | ঋণ মঞ্জুরীর ব্যবসায়িক/আর্থিক ক্ষমতা |
|---|---|
| ০৩ (তিন) লক্ষ টাকা পর্যন্ত | শাখা ব্যবস্থাপক/প্রধান |
| ০৩ (তিন) লক্ষ টাকার উর্ধ্ব হতে ০৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত | অঞ্চল প্রধান |
| ০৫ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্ব হতে ০৭ (সাত) লক্ষ টাকা পর্যন্ত | মহাব্যবস্থাপক (পরিচালন) |
| ০৭ (সাত) লক্ষ টাকার উর্ধ্ব হতে ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত | উপব্যবস্থাপনা পরিচালক |

১৪.২ ব্যবস্থাপনা পরিচালক দাপ্তরিক প্রয়োজনে উপর্যুক্ত অর্পিত ক্ষমতা যে কোন সময় পরিবর্তন করতে পারবেন;

১৪.৩ সকল স্তরের কর্মকর্তাগণের উপর অর্পিত ক্ষমতা প্রয়োজনবোধে ব্যবস্থাপনা পরিচালক সাময়িকভাবে রহিত/স্থগিত করতে পারবেন।

১৫.০ **ঋণ বিতরণ পদ্ধতি:**

১৫.১ কোরিয়া, জাপান, চীন, জার্মান ও অন্যান্য বিদেশগামী শিক্ষার্থীরা ভিসা প্রাপ্তির পূর্বেই অফার লেটার/Certificate of Eligibility (CoE), ইনভয়েস এর ভিত্তিতে প্রয়োজনীয় টিউশন ফি এর অর্থ ব্যাংক কর্তৃক সরাসরি সংশ্লিষ্ট দেশের শিক্ষা প্রতিষ্ঠানের Bank Account এ প্রেরণ করতে হবে। তবে, নির্ধারিত ঋণসীমার মধ্যে শিক্ষার্থীর প্রয়োজনে প্রাথমিক জীবনযাত্রা ও আনুষঙ্গিক অন্যান্য ব্যয় বাবদ অর্থ শিক্ষার্থীর নিজস্ব নামে সংশ্লিষ্ট দেশের Bank Account-এ প্রেরণ করা যাবে (বিদেশে টাকা প্রেরণ সংক্রান্ত যাবতীয় ব্যাংকিং চার্জ ঋণগ্রহীতা বহন করবেন);

১৫.২ রেমিট্যান্স প্রেরণের জন্য নিম্নলিখিত ডকুমেন্ট দাখিল সাপেক্ষে সমপরিমাণ অর্থ ঋণ হিসাব থেকে ডেবিট করা যাবে:

**টিউশন ফি প্রেরণের জন্য:**

১. টিউশন ফি রেমিট্যান্সের মাধ্যমে প্রেরণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের তথ্যসহ স্টুডেন্টের আবেদন;
২. Certificate of Eligibility (CoE)/Offer Letter;
৩. ইনভয়েস (**রিফান্ড পলিসি সহ**) এর অনুলিপি (টিউশন ফি ও প্রযোজ্য ক্ষেত্রে থাকা খাওয়া ব্যয় উল্লেখসহ);
৪. এডমিশন সার্টিফিকেট;
৫. গন্তব্য দেশে গ্রহণযোগ্য ন্যূনতম মধ্যম পর্যায়ের ভাষা শিক্ষার সনদ (যেমনঃ জাপানের জন্য N5, দক্ষিণ কোরিয়ার জন্য TOPIK level 3 ইত্যাদি) সহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মুল সনদ দেখে সত্যায়ন করতে হবে);
৬. TM Form.
৭. বাংলাদেশ ব্যাংকের আবেদন ফর্ম (Appendix 5/82);
৮. Debit Authorizasion Form.
৯. বৈধ পাসপোর্টের কপি;
১০. ২ কপি পাসপোর্ট সাইজের ছবি;
১১. স্থানীয় অভিভাবকের তথ্য: এনআইডি, ছবি, মোবাইল নং ইত্যাদি।

**জীবনযাত্রার ব্যয় প্রেরণের জন্য:**

১. রেমিট্যান্সের মাধ্যমে জীবনযাত্রার ব্যয় প্রেরণের জন্য বিদেশি ব্যাংক হিসাবের তথ্যসহ স্টুডেন্টের আবেদন;
২. ভিসা কপি;
৩. ইনভয়েস এর অনুলিপি (থাকা-খাওয়ার ব্যয় উল্লেখসহ);
৪. TM Form.
৫. Debit Authorizasion Form.

১৫.৩ বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের এডমিশন সার্টিফিকেট, অফার লেটার/Certificate of Eligibility (CoE), শিক্ষা প্রতিষ্ঠান এবং ইনভয়েস এর সত্যতা যাচাই করতে হবে;

১৫.৪ ঋণগ্রহীতাকে পরিশোধসূচীসহ ঋণ পরিশোধের উপদেশপত্র প্রদান করতে হবে।

১৬.০ ঋণ আবেদন নিষ্পত্তি:

১৬.১ ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে শাখা, জোনাল/আঞ্চলিক অফিস ও প্রধান কার্যালয় নিম্নোক্ত সময়ের মধ্যে প্রস্তাব নিষ্পত্তি সম্পন্ন করবে। যৌক্তিক কোন কারণে প্রক্রিয়াকরণে অতিরিক্ত সময়ক্ষেপণ হলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। বিভিন্ন পর্যায়ে ঋণ নিষ্পত্তিকরণ সময়সীমা নিম্নরূপ:

| ঋণসীমা | নিষ্পত্তিকরণের সময়কাল |
|---|---|
| ১.০০ লক্ষ টাকা থেকে ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত | পূর্ণাঙ্গ প্রস্তাব প্রাপ্তির পর সর্বোচ্চ ০৭ (সাত) কর্মদিবস |
| ৩.০০ লক্ষ টাকার উর্ধ্ব হতে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত | পূর্ণাঙ্গ প্রস্তাব প্রাপ্তির পর সর্বোচ্চ ১০ (দশ) কর্মদিবস |
| ৫.০০ লক্ষ টাকার উর্ধ্ব হতে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত | পূর্ণাঙ্গ প্রস্তাব প্রাপ্তির পর সর্বোচ্চ ১৫ (পনেরো) কর্মদিবস |

১৭.০ আবেদনকারীর/জামিনদারের স্থায়ী ঠিকানা:

১৭.১ নিজ নামে অথবা পিতা/মাতা/স্বামী/স্ত্রী/শ্বশুর/শাশুড়ির নামে যে এলাকায় বাড়ী থাকবে তা আবেদনকারীর/জামিনদারের স্থায়ী ঠিকানা হিসেবে বিবেচিত হবে।

১৮.০ প্রবাসে হিসাব খোলা:

১৮.১ শিক্ষার্থীকে ভাষা শিক্ষার উদ্দেশ্যে গমনকারী দেশে ০১ (এক) টি ব্যাংক একাউন্ট খুলতে হবে এবং উহার তথ্য প্রবাসী কল্যাণ ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় (ঋণ প্রদানকারী শাখা) প্রেরণ করতে হবে।

১৯.০ ঋণ আদায় কার্যক্রম:

১৯.১ ভিসা না পাওয়ার জন্য টিউশন ফি'র (রিফান্ড মানির) কোন অংশ ফেরত না আসলে উক্ত টাকাসহ প্রদত্ত ঋণের আদায়কালতক সুদ সমেত অবশিষ্ট পাওনা ঋণগ্রহীতা/জামিনদার কর্তৃক দ্রুততম সময়ের মধ্যে এককালীন পরিশোধ করতে হবে।

১৯.২ বিদেশে গমনেচ্ছু ঋণগ্রহীতার নিকটতম আত্নীয় অথবা তার জামিনদার (Principal Guarantor) কে ঋণের কিস্তি পরিশোধ করতে হবে।

১৯.৩ জামিনদার কর্তৃক ঋণ পরিশোধে অসুবিধা/বিলম্ব হলে যুক্তিসঙ্গত কারণসহ তা যথাসময়ে জানানোর ব্যবস্থা নিতে হবে।

১৯.৪ প্রদত্ত 'ঋণ পরিশোধসূচী' অনুযায়ী ঋণগ্রহীতা/জামিনদার যথাসময়ে নিয়মিতভাবে ঋণের কিস্তি পরিশোধ করবেন।

১৯.৫ নির্ধারিত তারিখে ঋণের কিস্তি পরিশোধে ব্যর্থতার বিষয়ে এসএমএস/পত্রের মাধ্যমে জানানো হবে এবং তাগিদপত্র দেওয়া হবে।

১৯.৬ নির্ধারিত সময়ে ঋণ আদায়ের সকল কলাকৌশল (ঋণ আদায়ে কৌশল এবং কর্মপরিকল্পনা) ব্যর্থ হলে ঋণ খেলাপির বিরুদ্ধে যথাযথ নিয়মাচার পরিপালনপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯.৭ শাখায় ঋণের কিস্তি ও অন্যান্য অর্থ ব্যাংকের প্রচলিত জমা রসিদ, এমএফএস, ইএফটিএন ইত্যাদির মাধ্যমে গ্রহণ করতে হবে।

২০.০ কোরিয়া, জাপান, চীন, জার্মান ও অন্যান্য দেশে ভাষাশিক্ষাসহ স্বল্প মেয়াদী বিভিন্ন কোর্সে আগ্রহী শিক্ষার্থীবৃন্দ **ভিসা ও অন্যান্য প্রযোজ্য ডকুমেন্টসসহ** ঋণের জন্য আবেদন করলে অত্র বিভাগ কর্তৃক ১৬.১১.২০২৫ খ্রি. তারিখে জারিকৃত পরিপত্র নং: ২২/২০২৫ এবং ২৫.০১.২০২৬ খ্রি. তারিখের ৫৩.১৬.২৬৬৬.৯১১.০০০.৩৬.০০০১.২৬-৩২৭ মোতাবেক ঋণ বিতরণ করা যাবে।

25/03/2026

অনুমোদিত স্বাক্ষর
মোঃ মাহবুবুল হাসান
সহকারী মহাব্যবস্থাপক
প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

25/03/2026

অনুমোদিত স্বাক্ষর
মোহাম্মদ মাহফুজুর রহমান
উপ-মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
ঋণ ও অগ্রীম বিভাগ
প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।